

শ্রীশ্রীহরি সঙ্গীত

৩৫

- ৪। প্রেম নগরে হয় তার বসতি, ও সে প্রেমিক বড় ভালবাসে,
প্রেমে যার আর্তি,
ও সে প্রেমিক পেলে, করে কোলে, প্রেমশূন্য দেখিলে লুকায়ে।।
- ৫। ডেকে বলে তারক রসান, মনের মানুষ হরিচন্দ্র তার কর উপাসনা,
এবার অশ্বিনীর পুরবে বাসনা মহনন্দের করুণায়।।

৪৬ নং তাল-গড়খেমটা

- মোরা কেন নবদীপ যাব, শূন্য নদীয়ায় কি ফল পাব।
ও সে নদীয়ার চাঁদ এই হরিচাঁদ, হেরে জীবন জুড়াবো।।
- ১। গৌসাই রামকান্তের বরে, প্রভু যশোমস্তের ঘরে,
জীবের জন্য অবতীর্ণ, হ'ল এবারে
এবার বর্তমানে পেলেম তারে কেন তীর্থবাসী হবো।।
- ২। তীর্থেনাহি প্রয়োজন, ও সে তীর্থের মহাজন,
লয়ে গয়াকানী, তীর্থ রাশী, আরো বৃন্দাবন;
এবার ওড়াকান্দি এল সে ধন, গেল বর্তমানে দেখতে পাবো।।
- ৩। ভারত ভাগবত রামায়ণ, তন্ত্র গ্রন্থ অগণন,
কোন শাস্ত্রে নমঃশূদ্রের না পাই নিদর্শন।
এবার শাস্ত্রে মতে, করে সাধন, কেমন তাঁরে পাবো।।
- ৪। তাহিতে পুনঃ অবতার, হ'ল হরিচাঁদ আমার,
হরিলীলামৃত গ্রন্থ, দলিল আছে তার।
কর দলিল গ্রাহ্য, ছাড় বাহ্য, আমরা সবে হরির দাস হবো।।
- ৫। গুরুচাঁদের এই বাণী, ও তুই শোনরে অশ্বিনী,
যে চরণে জন্ম নিল, পতিত পাবনী।
এবার সেই মানুষ এল এদানি, ভব পারের বান্ধবো।।

* স্তবাবলী হরি পূজায় পাঠ করুন।।